
# পরিবারতন্ত্রের রাজনীতি বদলানোর অঙ্গীকার জামায়াত আমিরের




জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, মেধাবী যে কেউ রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ে যাওয়ার সুযোগ পাবে—রাজনীতি আর বংশকেন্দ্রিক থাকবে না। শ্রমিক পরিবারের সন্তান থেকেও প্রধানমন্ত্রী উঠে আসুক—এমন পরিবেশ গড়ার প্রতিশ্রুতি দেন তিনি।

মঙ্গলবার গাজীপুরের রাজবাড়ী মাঠে ১১ দলীয় জোটের জনসভায় তিনি বলেন, ন্যায়বিচার মানে সবার প্রাপ্যকে স্বীকৃতি দেওয়া। যুবসমাজকে প্রস্তুত হওয়ার আহ্বান জানিয়ে তিনি দুর্নীতিমুক্ত রাষ্ট্র গঠনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

ঋণখেলাপিদের প্রার্থী করে দুর্নীতিবিরোধী কথা বলার সমালোচনা করে তিনি বলেন, সৎ উদ্যোগের প্রমাণ আগে নিজেদের ঘর থেকেই দেখাতে হবে।

দীর্ঘ সময় ক্ষমতায় থাকা রাজনীতিকদের অস্বাভাবিক সম্পদ বৃদ্ধির প্রসঙ্গ তুলে তিনি উন্নয়ন কর্মকাণ্ডে দুর্নীতি ও অর্থপাচারের অভিযোগও করেন। জনসভায় স্থানীয় জামায়াত নেতৃবৃন্দ ও প্রার্থীরা উপস্থিত ছিলেন।

LENS ASIA